

## ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

অক্টোবর হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: জাকির হোসেন মজুমদার, অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি), ডিটিসিএ  
তারিখ : ৯ ডিসেম্বর ২০১৯খ্রি.  
সময় : সকাল ৩:০০ ঘটিকা  
স্থান : সম্মেলন কক্ষ, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)  
উপস্থিতি তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী মাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি), ডিটিসিএ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সভার কার্যপত্র উপস্থাপন করেন। আলোচ্যসূচী অনুযায়ী শুদ্ধাচারের যে সকল বিষয়ে গত অক্টোবর/২০১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত লক্ষ্যমাত্রার উপর বিস্তারিত আলোচনা হয়। নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সভায় গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ	স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ বিষয়ে আলোচনা হয়।	২৬ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা মন্ত্রণালয়ের আদলে খসড়া তৈরি করতে হবে।	পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার ও সহ: ট্রান: ইকো:
২।	ডিটিসিএ ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ	অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ বিষয়ে আলোচনা হয়।	অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স মন্ত্রণালয়ের আদলে অনলাইন অভিযোগ দাখিলের ব্যবস্থা করতে হবে।	ট্রাফিক এনফোর্স: অফিসার ও সহ: ম্যাস ট্রান. প্ল্যানার (বিআরটি)
৩।	ক) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ খ) প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	প্রকল্প সংশ্লিষ্ট রিপোর্ট, সুপারিশ ও বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।	প্রকল্প সংশ্লিষ্ট রিপোর্ট ২৬ ডিসেম্বর ২০১৯ সময়ের মধ্যে প্রদান করতে হবে।	প্রকল্প পরিচালক
৪।	ডিটিসিএ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন	ডিটিসিএ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়।	২৬ ডিসেম্বর ২০১৯ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) এর পরিবীক্ষণ রিপোর্ট প্রদান করতে হবে।	পরিচালক (প্রশা:)
৫।	সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ	সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাস করার বিষয়ে আলোচনা হয়।	২৬ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে ২০% নথি শ্রেণি বিন্যাস করতে হবে।	পরিচালক (প্রশা:)
৬।	ডিটিসিএ- এর ক্রয় কার্যক্রম পরিবীক্ষণ	ডিটিসিএ- এর ক্রয় কার্যক্রম পরিবীক্ষণ বিষয়ে আলোচনা হয়।	২৬ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে একটি ক্রয় কার্যক্রম পরিবীক্ষণ পূর্বক রিপোর্ট প্রদান করতে হবে।	অতি: নির্বাহী পরিচালক (পিএন্ডপি)
৭।	এডিপি বাস্তবায়ন অগ্রগতি	এডিপি বাস্তবায়ন অগ্রগতি তুলনামূলক কম হওয়ায় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় প্রদানকৃত লক্ষ্যমাত্রা কমানোর বিষয়ে আলোচনা হয়।	এডিপি বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা ৫% রাখতে হবে।	প্রকল্প পরিচালক

অতপর: সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: জাকির হোসেন মজুমদার  
(অতিরিক্ত সচিব)

অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি)  
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)  
ফোন: ৯৫৬৮৮৩১